গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd
ঢাকা

জরুরি
সীমিত

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫১

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮
০৯ আগস্ট ২০২১

বিষয়: **২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য প্রণীত অ্যাসাইনমেন্টসমূহের ক্ষেত্রে বিষয় ভিত্তিক শিক্ষকের মূল্যায়ন নির্দেশনা।**

সূত্র: ১. মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫০; তারিখ- ২৬ জুলাই ২০২১ এর বিজ্ঞপ্তি।
২. মাউশি অধিদপ্তরের স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০, ১৩ জুন, ২০২১ এর বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক প্রণীত ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের প্রতি শাখার নৈর্বাচনিক ০৩ (তিন) টি বিষয়ে অ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান আছে। বিষয় ভিত্তিক শিক্ষক কর্তৃক অ্যাসাইনমেন্ট মূল্যায়ন করা হবে। সংশ্লিষ্ট শিক্ষককে অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে নিম্নে বর্ণিত নির্দেশনাসমূহ যথাযথভাবে পালন করতে হবেঃ

(১) শিক্ষার্থীর প্রস্তুতকৃত অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে সামঞ্জস্য ও সমরূপতা আনয়নের জন্য শিক্ষকগণকে প্রতিটি অ্যাসাইনমেন্টের জন্য প্রণীত মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) অনুসরণ করতে হবে;

(২) রুব্রিক্স অনুসরণ করে পরীক্ষার্থীরাও যাতে তাদের অ্যাসাইনমেন্টসমূহ প্রস্তুত করতে পারে সে বিষয়েও নির্দেশনা প্রদান করতে হবে;

(৩) অ্যাসাইনমেন্টের বিষয়ের প্রকৃতি, চাহিদা, পরিসর, ধাপ, চিন্তার ব্যাপকতা এবং শিক্ষার্থীর লেখার মধ্যে, সৃজনশীলতা ও মৌলিক বিষয় ইত্যাদি যথাযথভাবে মূল্যায়নের জন্য প্রতিটি বিষয়ের প্রতিটি অ্যাসাইনমেন্টের জন্য ভিন্ন ভিন্ন রুব্রিক্স সংযোজন করা হয়েছে;

(৪) রুব্রিক্সে প্রতিটি মূল্যায়ন নির্দেশকের জন্য পারদর্শিতার মাত্রা নির্ধারণ করা হয়েছে। মূল্যায়নের ক্ষেত্রে প্রতিটি নির্দেশকের জন্য আলাদা আলাদা নম্বর প্রদান করে মোট প্রাপ্ত নম্বর নির্ধারণ করতে হবে;

(৫) অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে ছক (নমুনা) নিম্নরূপ:

| নির্দেশক (Indicators) | ক | খ | গ | ঘ | ঙ | চ | মোট নম্বর |
|---|---|---|---|---|---|---|---|
| প্রাপ্ত নম্বর (Marks obtained) | | | | | | | |
| মূল্যায়নকারী শিক্ষকের নাম | | | | স্বাক্ষর ও তারিখ | | | |

(৬) অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে কোন প্রকার অবহেলা, অতিমূল্যায়ন বা অমূল্যায়ন করা যাবে না;

(৭) অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ক্ষেত্রে ভিতরে **সবল অংশ কালো কালি** দিয়ে এবং **দুর্বল অংশ লাল** কালি দিয়ে চিহ্নিত করতে হবে;

(৮) মুখস্থ করে বা হুবুহু পাঠ্য পুস্তক থেকে লিখে অ্যাসাইমেন্ট তৈরি না করে পাঠ্য পুস্তকের অর্জিত জ্ঞান, দক্ষতা কাজে লাগিয়ে শিক্ষার্থীর চিন্তা ভাবনা, কল্পনাশক্তি, অনুধাবন ক্ষমতা, উদ্ভাবনী ক্ষমতা, স্বকীয়তা, সৃজনশীল ও নান্দনিক উপায়ে উপস্থাপন করার দক্ষতাকেই মূল্যায়নের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।

এমতাবস্থায়, উক্ত নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক অ্যাসাইনমেন্ট মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৯-৮-২০২১
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮ / ০৯ আগস্ট ২০২১

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫১/১(১৬)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, মতিঝিল, ঢাকা।
২) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
৩) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা
৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
৬) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট
৭) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম
৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল
১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ
১১) পরিচালক , মনিটরিং এন্ড ইভাল্যুয়েশন উইং , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
১২) অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ
১৩) উর্ধ্বতন বিশেষজ্ঞ, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, ঢাকা।
১৪) অধ্যক্ষ (সকল), বেসরকারি কলেজ
১৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (পত্রটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৬) পি এ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

৯-৮-২০২১
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

৯৬৭৫

Office
All assignments will be displayed on the website.
10.08.2021

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
www.dshe.gov.bd
ঢাকা

জরুরি

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫৪

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮
০৯ আগস্ট ২০২১

বিষয়: **২০২১ সালের এইচ.এস.সি পরীক্ষার্থীদের জন্য ৩য় সপ্তাহের অ্যাসাইনমেন্ট প্রদান।**

সূত্র: ১. এনসিটিবি এর স্মারক নং : ৩৭.০৬.০০০০.৪০২.৭১.০০২.২১.২; তারিখ : ২৬ জুলাই ২০২১
২. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৩৯০.১৩; তারিখ : ১৩ জুন ২০২১
৩. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৯৯১; তারিখ : ২৩ জুন ২০২১
৪. স্মারক নম্বর : ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.১১২১ ; তারিখ : ২৬ জুলাই ২০২১

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ অতিমারি পরিস্থিতির কারণে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুসারে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে প্রণীত অ্যাসাইনমেন্টসমূহের মধ্যে ৩য় সপ্তাহের জন্য (১৫টি বিষয়ের) গুচ্ছ-২ এর জীববিজ্ঞান, উচ্চতর গণিত, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, ভূগোল, ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, আরবি, গৃহব্যবস্থাপনা এবং পারিবারিক জীবন এবং গুচ্ছ-৩ এর রসায়ন, অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, যুক্তিবিদ্যা, হিসাববিজ্ঞান, খাদ্য ও পুষ্টি বিষয়ের অ্যাসাইনমেন্টসমূহ প্রেরণ করা হলো; এ কার্যক্রম ১০-০৮-২০২১ খ্রি. থেকে শুরু হবে।

২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্টসমূহ প্রদান ও গ্রহণের ক্ষেত্রে কোভিড-১৯ এর সংক্রমণ রোধে সরকার ঘোষিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত বিধিনিষেধ যথাযথ অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি।

সংযুক্তি :
১. কাভার পৃষ্ঠা
২. অ্যাসাইনমেন্ট গ্রীড
৩. অ্যাসাইনমেন্টসমূহ (৩য় সপ্তাহের জন্য)

৯-৮-২০২১
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
পরিচালক

পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা(সকল অঞ্চল)

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.০৬.০০১.২১.৪৫৪/১(১৬)

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮
০৯ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

২) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

৩) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

৪) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

৫) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

৬) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

৭) চেয়ারম্যান , মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী

৮) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

৯) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

১০) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,ময়মনসিংহ

১১) পরিচালক, মনিটরিং এন্ড ইভাল্যুয়েশন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

১২) অধ্যক্ষ(সকল), সরকারি কলেজ

১৩) উর্ধ্বতন বিশেষজ্ঞ, বাংলাদেশ পরীক্ষা উন্নয়ন ইউনিট, ঢাকা

১৪) অধ্যক(সকল), বেসরকারি কলেজ

১৫) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

১৬) অধ্যক্ষ(সকল), বেসরকারি কলেজ

৯-৮-২০২১

প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী

পরিচালক

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: জীববিজ্ঞান | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ১৭৯ | স্তর: এইচএসসি

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর</th><th>অ্যাসাইনমেন্ট</th><th>শিখনফল / বিষয়বস্তু</th><th>নির্দেশনা<br>(সংকেত/ধাপ/পরিধি)</th><th>মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr>
<td>২<br>প্রথম অধ্যায়:<br>প্রাণীর বিভিন্নতা ও শ্রেণিবিন্যাস</td>
<td>বৈশিষ্ট্যের ভিত্তিতে কর্ডাটা পর্বের প্রাণীসমূহের শ্রেণিবিন্যাসকরণ</td>
<td>• প্রাণীকে বিভিন্ন শ্রেণিতে ভাগ করার ভিত্তি ও নীতি ব্যাখ্যা করতে পারবে।<br>• কর্ডাটা পর্বের প্রাণীকে শ্রেণি পর্যন্ত বিন্যস্ত করতে পারবে।</td>
<td>
১. পাঠ্যপুস্তকে কর্ডাটা পর্বের যে শ্রেণিবিন্যাসে ৩ টি উপপর্ব, ২ টি অধিশ্রেণি এবং সব মিলিয়ে মোট ১২ টি শ্রেণি রয়েছে সেই শ্রেণিবিন্যাসটি পাঠ করতে হবে।<br>
২. নিচের তালিকা অনুযায়ী পনেরটি কাগজের টুকরা বানাতে হবে যার প্রতিটিতে একটি করে বৈশিষ্ট্য লেখা থাকবে। বাইরে থেকে যেন বোঝা না যায় কোন টুকরায় কী লেখা আছে, যাতে সেগুলো ভাঁজ করে সেখান থেকে লটারি করা সম্ভব হয়।<br>
(নিচের তালিকাটি অ্যাসাইনমেন্টে উপস্থাপন করতে হবেনা)
<table>
<tr><th>গ্রুপ-১</th><th>গ্রুপ-২</th><th>গ্রুপ-৩</th><th>গ্রুপ-৪</th><th>গ্রুপ-৫</th></tr>
<tr><td>ভেজা ত্বক</td><td>ফুলকা</td><td>দুই প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড</td><td>শীতল রক্ত (বিষমোষ্ণ)</td><td>ডিম পাড়ে</td></tr>
<tr><td>শুষ্ক ত্বক</td><td>ফুসফুস</td><td>তিন প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড</td><td>উষ্ণ রক্ত (সমোষ্ণ)</td><td>বাচ্চা প্রসব করে</td></tr>
<tr><td>গ্রন্থিল যুক্ত ত্বক</td><td></td><td>অসম্পূর্ণভাবে চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড</td><td></td><td></td></tr>
<tr><td>পালক যুক্ত ত্বক</td><td></td><td>চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড</td><td></td><td></td></tr>
<tr><td>লোম যুক্ত ত্বক</td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
৩. ছকের পনেরটি বৈশিষ্ট্য পনেরটি ছোট কাগজের টুকরায় লিখে ভাঁজ করে গ্রুপ অনুযায়ী পাঁচটি পৃথক লটারির বাক্সে রাখতে হবে। যেমন: গ্রুপ-১ এর বাক্সে থাকবে ৫ টি, গ্রুপ-২ এর বাক্সে থাকবে ২ টি ইত্যাদি।<br>
৪. এছাড়া আরো একটি বাক্সে লটারি করার জন্য এরকম দশটি কাগজের প্রতিটিতে একটি করে সংখ্যা লিখে ভাঁজ করে রাখতে হবে: ১২৩, ১২৪, ১২৫, ১৩৪, ১৩৫, ১৪৫, ২৩৪, ২৩৫, ২৪৫, ৩৪৫। এই বাক্সের নাম হবে গ্রুপ-X।<br>
৫. প্রত্যেক রাউন্ডের শুরুতে গ্রুপ-X হতে না দেখে একটা কাগজ তুলতে হবে। ধরা যাক, ১৩৪ লেখা কাগজ উঠলো। তাহলে গ্রুপ-১, গ্রুপ-৩ এবং গ্রুপ-৪ হতে একটি করে কাগজ তুলতে হবে। ধরা যাক, সেই তিনটি গ্রুপ হতে যথাক্রমে লোমযুক্ত ত্বক, চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড এবং উষ্ণ রক্ত লেখা কাগজ উঠলো।<br>
৬. এই তিনটি বৈশিষ্ট্য উপস্থিত, এমন শ্রেণি আছে কিনা খুঁজে বের করতে হবে। এক্ষেত্রে সেটি Mammalia। কেন এই শ্রেণির নাম লেখা হলো, অন্য কোনো শ্রেণি নয়, সেটা নিচে অ্যাসাইনমেন্টের ছকে নির্ধারিত ঘরে ব্যাখ্যা করতে হবে।<br>
৭. যদি ঐ তিনটি বৈশিষ্ট্য হয় লোমযুক্ত ত্বক, চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড এবং শীতল রক্ত, তাহলে তা কোনো শ্রেণিতে পড়বে না। এক্ষেত্রে উল্লিখিত উদাহরণের প্রথম দুটি বৈশিষ্ট্য একটি শ্রেণিতে এবং অপর বৈশিষ্ট্যটি যে অন্য শ্রেণিতে চলে যাবে, সেটা ব্যাখ্যা করে নিচে অ্যাসাইনমেন্ট ছকের নির্ধারিত ঘরসমূহে লিখতে হবে।
</td>
<td>
<table>
<tr><th rowspan="2">নির্দেশক</th><th colspan="4">পারদর্শিতার মাত্রা/নম্বর</th><th rowspan="2">স্কোর</th></tr>
<tr><th>৪</th><th>৩</th><th>২</th><th>১</th></tr>
<tr><td>ক. পাঁচটি রাউন্ডের প্রত্যেকটিতে অ্যাসাইনমেন্টের জন্য নির্ধারিত ছকে পুনরাবৃত্তি ছাড়া তিনটি করে বৈশিষ্ট্যের উল্লেখ করা</td><td>পাঁচটি রাউন্ডের প্রতিটিতে বৈশিষ্ট্যসমূহ গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা</td><td>পাঁচটি রাউন্ডের ৪ টিতে বৈশিষ্ট্যসমূহ গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা</td><td>পাঁচটি রাউন্ডের ২-৩ টিতে বৈশিষ্ট্যসমূহ গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা</td><td>পাঁচটি রাউন্ডের মাত্র একটিতে বৈশিষ্ট্যসমূহ গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা</td><td></td></tr>
<tr><td>খ. পাঁচটি রাউন্ডের প্রত্যেকটিতে বৈশিষ্ট্যসমূহের সাথে মিল রেখে শ্রেণির নাম উল্লেখ করা (কিংবা কোনো শ্রেণির সাথে না মিললে সেটিও উল্লেখ করা)</td><td>পাঁচটি রাউন্ডের প্রতিটিতে শ্রেণির নাম (বা তার অনুপস্থিতি) গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা</td><td>পাঁচটি রাউন্ডের ৪ টিতে শ্রেণির নাম (বা তার অনুপস্থিতি) গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা</td><td>পাঁচটি রাউন্ডের ২-৩ টিতে শ্রেণির নাম (বা তার অনুপস্থিতি) গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা</td><td>পাঁচটি রাউন্ডের মাত্র একটিতে শ্রেণির নাম (বা তার অনুপস্থিতি) গ্রহণযোগ্যভাবে উল্লেখ করতে পারা</td><td></td></tr>
<tr><td>গ. পাঁচটি রাউন্ডের প্রত্যেকটিতে বৈশিষ্ট্যসমূহের সাথে মিল রেখে কেন একটি শ্রেণির নাম উল্লেখ করা হয়েছে (বা সেরকম কোনো শ্রেণি নেই বলা হয়েছে) তা ব্যাখ্যা করা</td><td>পাঁচটি রাউন্ডের প্রতিটিতে গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করতে পারা</td><td>পাঁচটি রাউন্ডের ৪ টিতে গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করতে পারা</td><td>পাঁচটি রাউন্ডের ২-৩ টিতে গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করতে পারা</td><td>পাঁচটি রাউন্ডের মাত্র একটিতে গ্রহণযোগ্যভাবে ব্যাখ্যা করতে পারা</td><td></td></tr>
<tr><td colspan="5">মোট</td><td></td></tr>
<tr><td colspan="6">অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ১২</td></tr>
</table>
</td>
<td></td>
</tr>
</table>

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | ৮. এভাবে ছকের একটি সারি পূরণ হলে এক রাউন্ড সম্পন্ন হবে। তখন ভাঁজ করা কাগজগুলো আবার তাদের নির্ধারিত গ্রুপের বাক্সে রেখে ৫-৭ নং ধাপের পুনরাবৃত্তি করতে হবে। এভাবে মোট ৫ রাউন্ড শেষ করতে হবে। যদিও দুটি ভিন্ন রাউন্ডে তিনটি বৈশিষ্ট্যের সেট হুবহু মিলে যাওয়ার সম্ভাবনা খুবই কম (২৩৬ ভাগের একভাগ) তবুও যদি সেরকম হয় তাহলে সেই রাউন্ড বাতিল করে নতুনভাবে লটারি করতে হবে। | | |


| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১০-১২ | অতি উত্তম |
| ৮-৯ | উত্তম |
| ৬-৭ | ভালো |
| ৫ বা এর কম | অগ্রগতি প্রয়োজন |

অ্যাসাইনমেন্টের জন্য নির্ধারিত ছক: (যে দুটি রাউন্ডের উদাহরণ এখানে দেওয়া হয়েছে তা শিক্ষার্থী যা পাবে সেটার সাথে নাও মিলতে পারে)

| রাউন্ড | বৈশিষ্ট্য | শ্রেণির নাম | ব্যাখ্যা |
|---|---|---|---|
| ১. | লোমযুক্ত ত্বক, চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড, উষ্ণ রক্ত | Mammalia | ? |
| ২. | লোমযুক্ত ত্বক, চার প্রকোষ্ঠবিশিষ্ট হৃৎপিন্ড, শীতল রক্ত | নাই | ? |
| ৩. | ??? | ? | ? |
| ৪. | ??? | ? | ? |
| ৫. | ??? | ? | ? |

২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: উচ্চতর গণিত | পত্র: দ্বিতীয় | কোড: ২৬৬ | স্তর: এইচএসসি

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর</th><th>অ্যাসাইনমেন্ট</th><th>শিখনফল/ বিষয়বস্তু</th><th>নির্দেশনা<br>(সংকেত/ধাপ/পরিধি)</th><th colspan="3">মুল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr><td rowspan="17">০২<br><br>অধ্যায়-৬<br>(কণিক)</td><td rowspan="17">কণিক সংক্রান্ত সমস্যা সমাধান<br><br>(i) $\alpha x^2 + \beta y^2 + 72x - 32y - 16 = 0$<br>(ii) নিচের চিত্রটি লক্ষ কর:<br><br></td><td rowspan="17">● প্যারাবোলার লেখচিত্র অঙ্কন করতে পারবে এবং শীর্ষবিন্দু, উপকেন্দ্র ও নিয়ামক রেখা চিহ্নিত করতে পারবে।<br>● প্যারাবোলার উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য এবং উপকেন্দ্রের স্থানাঙ্ক নির্ণয় করতে পারবে।<br>● উপবৃত্তের প্রমিত সমীকরণ সনাক্ত করতে পারবে।<br>● উপবৃত্তের সমীকরণ থেকে উৎকেন্দ্রিকতা নির্ণয় করতে পারবে।<br>● কেন্দ্র মূলবিন্দু বিশিষ্ট হাইপারবোলার প্রমিত সমীকরণ সনাক্ত করতে পারবে ও লিখতে পারবে।<br>● উপকেন্দ্র ও দিকাক্ষের সংজ্ঞা হতে হাইপারবোলার সমীকরণ নির্ণয় করতে পারবে।</td><td rowspan="5">ক) $y^2 = 4px - 12$ প্যারাবোলাটি $S$ বিন্দুগামী হলে এর উপকেন্দ্রের স্থানাঙ্ক এবং অক্ষরেখা ও নিয়ামকের সমীকরণ নির্ণয় কর।</td><td></td><td>নির্দেশনা</td><td>নম্বর</td><td rowspan="17"></td></tr>
<tr><td rowspan="4">ক)</td><td>• উপকেন্দ্রের স্থানাঙ্ক এবং অক্ষরেখা ও নিয়ামকের সমীকরণ নির্ণয়</td><td>০৪</td></tr>
<tr><td>• উপকেন্দ্রের স্থানাঙ্ক এবং অক্ষরেখা অথবা নিয়ামকের সমীকরণ নির্ণয়</td><td>০৩</td></tr>
<tr><td>• উপকেন্দ্র নির্ণয়</td><td>০২</td></tr>
<tr><td>• $p$ নির্ণয়</td><td>০১</td></tr>
<tr><td rowspan="3">খ) চিত্রে প্রদর্শিত উপবৃত্তের নিয়ামকদ্বয়ের সমীকরণ নির্ণয় কর।</td><td rowspan="3">খ)</td><td>• নিয়ামকদ্বয়ের সমীকরণ নির্ণয়</td><td>০৩</td></tr>
<tr><td>• উপবৃত্তের a নির্ণয়</td><td>০২</td></tr>
<tr><td>• উপবৃত্তের e নির্ণয়</td><td>০১</td></tr>
<tr><td rowspan="3">গ) $SS'$ বৃহৎ অক্ষ এবং 8 উৎকেন্দ্রিকতা বিশিষ্ট হাইপারবোলার সমীকরণ নির্ণয় কর।</td><td rowspan="3">গ)</td><td>• হাইপারবোলার সমীকরণ নির্ণয়</td><td>০৩</td></tr>
<tr><td>• হাইপারবোলার b নির্ণয়</td><td>০২</td></tr>
<tr><td>• হাইপারবোলার a নির্ণয়</td><td>০১</td></tr>
<tr><td rowspan="3">ঘ) $\alpha = 18, \beta = 8$ হলে $(i)$ নং কণিকের প্রকৃতি নির্ণয় করে এর শীর্ষ বিন্দু এবং উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর।</td><td rowspan="3">ঘ)</td><td>• শীর্ষ বিন্দু এবং উপকেন্দ্রিক লম্বের দৈর্ঘ্য নির্ণয়</td><td>০৩</td></tr>
<tr><td>• শীর্ষ বিন্দু নির্ণয়</td><td>০২</td></tr>
<tr><td>• কণিকের প্রকৃতি নির্ণয়</td><td>০১</td></tr>
<tr><td rowspan="3">ঙ) $\alpha = 9, \beta = -16$ হলে $(i)$ নং কণিকের প্রকৃতি নির্ণয় করে এর কেন্দ্র এবং উপকেন্দ্রিক লম্বের সমীকরণ নির্ণয় কর।</td><td rowspan="3">ঙ)</td><td>• কেন্দ্র এবং উপকেন্দ্রিক লম্বের সমীকরণ নির্ণয়</td><td>০৩</td></tr>
<tr><td>• কেন্দ্র নির্ণয়</td><td>০২</td></tr>
<tr><td>• কণিকের প্রকৃতি নির্ণয়</td><td>০১</td></tr>
<tr><td colspan="5"></td><td>মোট নম্বর ১৬</td><td></td><td></td></tr>
</table>

বরাদ্দকৃত নম্বর- ১৬

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩ - ১৬ | অতি উত্তম |
| ১১ - ১২ | উত্তম |
| ০৮ - ১০ | ভালো |
| ০ - ০৭ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য আসাইনমেন্ট

বিষয়: সমাজকর্ম　　পত্র: দ্বিতীয়　　বিষয় কোড: ২৭২　　স্তর:এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২<br>প্রথম অধ্যায়:<br>বাংলাদেশে মৌলিক মানবিক চাহিদা | বর্তমান কোভিড পরিস্থিতিতে বাংলাদেশের নিম্নবিত্ত জনগোষ্ঠীর মৌলিক মানবিক চাহিদা পূরণের পথে অন্তরায়গুলো চিহ্নিত করে সেগুলো দূরীকরণে গৃহীত পদক্ষেপ বর্ণনা | • মৌলিক মানবিক চাহিদার ধারণা ব্যাখ্যা করতে পারবে<br>• বাংলাদেশে মৌলিক মানবিক চাহিদা পূরণের অন্তরায় ব্যাখ্যা করতে পারবে<br>• বাংলাদেশে মৌলিক মানবিক চাহিদা পূরণে গৃহীত পদক্ষেপ বর্ণনা করতে পারবে | • দৃষ্টান্তসহ মৌলিক মানবিক চাহিদার ধারণা<br>• মৌলিক মানবিক চাহিদার বিবরণ<br>• নিম্নবিত্তদের মৌলিক মানবিক চাহিদা পূরণে বিদ্যমান সমস্যা চিহ্নিতকরণ<br>• সমস্যা নিরূপনে গৃহীত পদক্ষেপ | (নিচের রুব্রিক্স দ্রষ্টব্য) | |

**মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)**

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. মৌলিক মানবিক চাহিদার ধারণা | মৌলিক মানবিক চাহিদার ধারণা দৃষ্টান্তসহ সুস্পষ্টভাবে লিখেছে | মৌলিক মানবিক চাহিদার ধারণা দৃষ্টান্তসহ অধিকাংশ লিখেছে | মৌলিক মানবিক চাহিদার ধারণা আংশিক লিখেছে | মৌল মানবিক চাহিদার ধারণা সম্পর্কে অস্পষ্ট লিখেছে | |
| খ. মৌলিক মানবিক চাহিদার বিবরণ | ৬টি মৌলিক মানবিক চাহিদার বিবরণ সুস্পষ্টভাবে লিখেছে | ৬টি মৌলিক মানবিক চাহিদার বিবরণ অধিকাংশ লিখেছে | ৬টি মৌলিক মানবিক চাহিদার বিবরণ আংশিক লিখেছে | ৬টি মৌলিক মানবিক চাহিদার বিবরণ অস্পষ্টভাবে লিখেছে | |
| গ. মৌলিক মানবিক চাহিদা পূরণে বিদ্যমান ৫ টি সমস্যা | মৌলিক মানবিক চাহিদা পূরণে বিদ্যমান ৫ টি সমস্যা যথাযথভাবে চিহ্নিত করে লিখেছে | বিদ্যমান ৪টি সমস্যা যথাযথভাবে চিহ্নিত করেছে | বিদ্যমান ৩/৪টি সমস্যা সম্পর্কে আংশিক ধারণা দিয়েছে | বিদ্যমান ২/৩টি সমস্যা সম্পর্কে অস্পষ্ট ধারণা দিয়েছে | |
| ঘ. সমস্যা সমাধানে গৃহীত ৫টি পদক্ষেপ | সমস্যা নিরূপনে গৃহীত ৫টি পদক্ষেপ সুস্পষ্টভাবে লিখেছে | সমস্যা নিরূপনে গৃহীত ৫/৪টি পদক্ষেপ সম্পর্কে অধিকাংশ লিখেছে | সমস্যা নিরূপনে গৃহীত ৪/৩টি পদক্ষেপ সম্পর্কে আংশিক লিখেছে | সমস্যা নিরূপনে গৃহীত ২/৩টি পদক্ষেপ সম্পর্কে অস্পষ্ট ভাবে লিখেছে | |
| ঙ. উপস্থাপনা কৌশল | নান্দনিক ,সৃজনশীল ও মৌলিকত্ব রয়েছে উপস্থাপনায় | নান্দনিকতা ও সৃজনশীলতা আছে তবে মৌলিকত্ব নাই উপস্থাপনায় | আংশিক লিখেছে কিন্তু সৃজনশীল নয় এবং মৌলিকত্বের অভাব | হুবহু পাঠ্যবই থেকে লিখেছে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ২০

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক, এবং আংশিক= ৫০%-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০০-০৯ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ভূগোল　　　　পত্র: দ্বিতীয়　　　　বিষয় কোড: ১২৬　　　　স্তর: এইচ এস সি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২<br>দ্বিতীয় অধ্যায় জনসংখ্যা | বাংলাদেশের প্রেক্ষিতে জনসংখ্যার জনমিতিক উপাদান, বৈশিষ্ট্য ও বন্টন বিশ্লেষণ | • জনসংখ্যার জনমিতিক উপাদান ব্যাখ্যা করতে পারবে।<br>• জনসংখ্যার অভিগমনের কারণ, ধরণ ও প্রভাব ব্যাখ্যা করতে পারবে।<br>• বাংলাদেশের জনসংখ্যার জনমিতিক বৈশিষ্ট্য ব্যাখ্যা করতে পারবে।<br>• জনমিতিক ট্রানজিশনাল মডেলের আলোকে বাংলাদেশের জনসংখ্যা ব্যাখ্যা করতে পারবে। | • জনসংখ্যার জনমিতিক উপাদান<br>• জনসংখ্যার অভিগমনের কারণ, ধরণ ও প্রভাব<br>• বাংলাদেশের জনসংখ্যার বৈশিষ্ট্য<br>• জনমিতিক ট্রানজিশনাল মডেল ও বাংলাদেশ | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. জনসংখ্যার জনমিতিক উপাদান | ১০টি জনমিতিক উপাদানের নাম উল্লেখ কর | ৮টি জনমিতিক উপাদানের নাম উল্লেখ কর | ৬টি জনমিতিক উপাদানের নাম উল্লেখ কর | ৪টি জনমিতিক উপাদানের নাম উল্লেখ কর | |
| খ. বর্তমানে বাংলাদেশের জনমিতিক উপাদান | বাংলাদেশের উদাহরণসহ ৫টি জনমিতিক উপাদানের বর্ননা | বাংলাদেশের উদাহরণসহ ৪টি জনমিতিক উপাদানের বর্ননা | বাংলাদেশের উদাহরণসহ ৩টি জনমিতিক উপাদানের বর্ননা | বাংলাদেশের উদাহরণসহ ২টি জনমিতিক উপাদানের বর্ননা | |
| গ. জনসংখ্যার অভিগমনের কারণ ও প্রভাব | অভিগমনের ৪টি আকর্ষণ ও বিকর্ষন জনিত কারণ এবং ৪টি প্রভাব উল্লেখকরণ | অভিগমনের ৩টি আকর্ষণ ও বিকর্ষন জনিত কারণ এবং ৩টি প্রভাব উল্লেখকরণ | অভিগমনের ২টি আকর্ষণ ও বিকর্ষন জনিত কারণ এবং ২টি প্রভাব উল্লেখকরণ | অভিগমনের ১টি আকর্ষণ ও বিকর্ষন জনিত কারণ এবং ১টি প্রভাব উল্লেখকরণ | |
| ঘ. বাংলাদেশে জনমিতিক ট্রানজিশনাল মডেল ও জনসংখ্যার বন্টন | জনমিতিক ট্রানজিশনাল মডেলে বাংলাদেশের অবস্থান উল্লেখপূর্বক জনসংখ্যার ৩টি বসতি অঞ্চলের জেলাভিত্তিক বন্টন উল্লেখ করণ | জনসংখ্যার ৩টি বসতি অঞ্চলের জেলাভিত্তিক বন্টন উল্লেখ করণ | জনসংখ্যার ২টি বসতি অঞ্চলের জেলাভিত্তিক বন্টন উল্লেখ করণ | জনসংখ্যার ১টি বসতি অঞ্চলের জেলাভিত্তিক বন্টন উল্লেখ করণ | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩ – ১৬ | অতি উত্তম |
| ১১ – ১২ | উত্তম |
| ৮ – ১০ | ভালো |
| ৮ এর কম | অগ্রগতি প্রয়োজন |

## এইচএসসি পরীক্ষা ২০২১ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা　　পত্র: দ্বিতীয়　　বিষয় কোড: ২৯৩　　স্তর: এইচএসসি

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর</th><th>অ্যাসাইনমেন্ট</th><th>শিখনফল/ বিষয়বস্তু</th><th>নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)</th><th>মূল্যায়ন নির্দেশনা (রুবিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr>
<td>২<br><br>প্রথম অধ্যায়: ব্যাংক ব্যবস্থার প্রাথমিক ধারণা</td>
<td>বাংলাদেশের ব্যাংকিং ব্যবস্থা ও অর্থনৈতিক উন্নয়নের পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ</td>
<td>• অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে<br>• ব্যাংক ব্যবসায়ের প্রকৃতি ও ধরন ব্যাখ্যা করতে পারবে</td>
<td>বাংলাদেশে প্রচলিত ব্যাংকিং ব্যবস্থা ও অর্থনৈতিক উন্নয়ন সম্পর্কিত ৩০০ শব্দের মধ্যে একটি নিবন্ধ রচনা করতে হবে। সেক্ষেত্রে নিম্নের বিষয়গুলো অন্তর্ভুক্ত করতে হবে:<br>• ব্যাংকের ধারণা<br>• ব্যাংক ব্যবসায়ের প্রকৃতি<br>• ব্যাংকের শ্রেণিবিভাগ<br>• অর্থনৈতিক উন্নয়নের সাথে বাংলাদেশে প্রচলিত ব্যাংকিং ব্যবস্থার পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ</td>
<td>
<table>
<tr><th rowspan="2">নির্দেশক</th><th colspan="4">পারদর্শিতার মাত্রা/নম্বর</th><th rowspan="2">স্কোর</th></tr>
<tr><th>৪</th><th>৩</th><th>২</th><th>১</th></tr>
<tr><td>ক. ব্যাংকের ধারণা ব্যাখ্যা</td><td>দুটি উদাহরণসহ যথাযথভাবে ধারণা ব্যাখ্যা করলে</td><td>১টি উদাহরণসহ আংশিক ধারণা ব্যাখ্যা করলে</td><td>উদাহরণ ব্যতীত সঠিক ধারণা ব্যাখ্যা করলে</td><td>ন্যূনতম ধারণা ব্যাখ্যা করলে</td><td></td></tr>
<tr><td>খ. ব্যাংক ব্যবসায়ের প্রকৃতি</td><td>ব্যাংক ব্যবসায়ের ৪টি প্রকৃতি ব্যাখ্যা করতে পারলে</td><td>ব্যাংক ব্যবসায়ের তিনটি প্রকৃতি ব্যাখ্যা করলে</td><td>ব্যাংক ব্যবসায়ের দুটি প্রকৃতি ব্যাখ্যা করলে</td><td>ব্যাংক ব্যবসায়ের ন্যূনতম একটি প্রকৃতি ব্যাখ্যা করলে</td><td></td></tr>
<tr><td>গ. কার্যের ভিত্তিতে ব্যাংকের শ্রেণিবিভাগ</td><td>কার্যের ভিত্তিতে একটি উদাহরণসহ ব্যাংকের শ্রেণিবিভাগের ব্যাখ্যা করলে</td><td>কার্যের ভিত্তিতে ব্যাংকের শ্রেণিবিভাগের ব্যাখ্যা করলে</td><td>কার্যের ভিত্তিতে ব্যাংকের শ্রেণিগুলোর নাম লিখলে</td><td>কার্যের ভিত্তিতে ন্যূনতম একটি শ্রেণিবিভাগ লিখলে</td><td></td></tr>
<tr><td>ঘ. সংগঠন কাঠামোর ভিত্তিতে ব্যাংকের শ্রেণিবিভাগ</td><td>সংগঠন কাঠামোর ভিত্তিতে ব্যাংকের শ্রেণিবিভাগের ব্যাখ্যা করলে এবং দুটির উদাহরণ দিলে</td><td>সংগঠন কাঠামোর ভিত্তিতে ব্যাংকের শ্রেণিবিভাগের ব্যাখ্যা করলে</td><td>সংগঠন কাঠামোর ভিত্তিতে ব্যাংকের শ্রেণিগুলোর নাম লিখলে</td><td>সংগঠন কাঠামোর ভিত্তিতে ন্যূনতম একটি শ্রেণিবিভাগ লিখলে</td><td></td></tr>
<tr><td>ঙ. অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের গুরুত্ব</td><td>অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের ৪টি গুরুত্ব ব্যাখ্যা করলে</td><td>অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের ৩টি গুরুত্ব ব্যাখ্যা করলে</td><td>অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের ২টি গুরুত্ব ব্যাখ্যা করলে</td><td>অর্থনৈতিক উন্নয়নে ব্যাংকের ১টি গুরুত্ব ব্যাখ্যা করলে</td><td></td></tr>
<tr><td colspan="5" align="right">মোট</td><td></td></tr>
<tr><td colspan="6">অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০<br>বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯% সঠিক</td></tr>
</table>
</td>
<td></td>
</tr>
</table>

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০- ০৯ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

**বিষয় : উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন** **পত্র : দ্বিতীয়** **বিষয় কোড : ২৮৭** **স্তর : এইচএসসি**

| অ্যাসাইনমেন্ট নম্বর, অধ্যায় ও অধ্যায়ের শিরোনাম | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা/ (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) |
|---|---|---|---|---|
| ২<br>প্রথম অধ্যায়:<br>বিপণন পরিচিতি | বিপণনের ধারণা, ক্রমবিকাশ ও বৈশিষ্ট্য বিশ্লেষণ | ১. বিপণনের ধারণা ব্যাখ্যা করতে পারবে;<br>২. বিপণনের ক্রমবিকাশ বর্ণনা করতে পারবে;<br>৩. বিপণনের বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করতে পারবে;<br>৪. বাজার ও বিপণনের মধ্যে পার্থক্য ব্যাখ্যা করতে পারবে;<br>৫. বিক্রয় ও বিপণনের মধ্যে পার্থক্য ব্যাখ্যা করতে পারবে; | • বিপণনের ধারণা ব্যাখ্যা করতে করতে হবে।<br>• বিপণনের ক্রমবিকাশ বর্ণনা করতে করতে হবে।<br>• বিপণনের বৈশিষ্ট্যগুলো চিহ্নিত করতে হবে।<br>• বাজার, বিক্রয় ও বিপণনের মধ্যে পার্থক্য ব্যাখ্যা করতে হবে। | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | | |
| ক.বিপণনের ধারণা | বিপণনের সমসাময়িক ধারণা উদাহরণসহ যথাযথভাবে ব্যাখ্যা করলে | বিপণনের সমসাময়িক ধারণা অধিকাংশক্ষেত্রে যথাযথভাবে ব্যাখ্যা করলে | বিপণনের সমসাময়িক ধারণা আংশিকভাবে ব্যাখ্যা করলে | শুধু বিপণনের ধারণা লিখলে | | |
| খ.বিপণনের ক্রমবিকাশ | বিপণনের ক্রমবিকাশের ৭/৮টি পর্যায় যথাযথভাবে বিশ্লেষণ করলে | বিপণনের ক্রমবিকাশের ৫/৬টি পর্যায় যথাযথভাবে বিশ্লেষণ করলে | বিপণনের ক্রমবিকাশের কমপক্ষে ৩/৪টি পর্যায় যথাযথভাবে বিশ্লেষণ করলে | বিপণনের ক্রমবিকাশের কমপক্ষে ১/২টি পর্যায় যথাযথভাবে বিশ্লেষণ করলে | | |
| গ.বিপণনের বৈশিষ্ট্য | বিপণনের কমপক্ষে ৫টি বৈশিষ্ট্য যথাযথভাবে চিহ্নিত করলে | বিপণনের ৪টি বৈশিষ্ট্য যথাযথভাবে চিহ্নিত করলে | বিপণনের ৩টি বৈশিষ্ট্য যথাযথভাবে চিহ্নিত করলে | বিপণনের ২টি বৈশিষ্ট্য যথাযথভাবে চিহ্নিত করলে | | |
| ঘ.বাজার ও বিপণনের মধ্যে পার্থক্য | বাজার ও বিপণনের মধ্যে ৫টি পার্থক্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | বাজার ও বিপণনের মধ্যে ৪টি পার্থক্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | বাজার ও বিপণনের মধ্যে ৩টি পার্থক্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | বাজার ও বিপণনের ধারণা লিখলে | | |
| ঙ.বিক্রয় ও বিপণনের মধ্যে পার্থক্য | বিক্রয় ও বিপণনের মধ্যে ৫টি পার্থক্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | বিক্রয় ও বিপণনের মধ্যে ৪টি পার্থক্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | বিক্রয় ও বিপণনের মধ্যে ৩টি পার্থক্য যথাযথভাবে ব্যাখ্যা করলে | বিক্রয় ও বিপণনের ধারণা লিখলে | | |
| | | | | মোট | | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক এবং আংশিক = ৫০%-৬৯% সঠিক

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ৯ বা ৯ এর কম | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: রসায়ন | পত্র: দ্বিতীয় পত্র | বিষয় কোড: ১৭৭ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা/ (সংকেত/ ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২<br><br>প্রথম অধ্যায় পরিবেশ রসায়ন | গ্যাসের ধর্ম এবং আদর্শ ও বাস্তব গ্যাস | • বয়েল, চার্লস/গে-লুসাক সূত্র এবং বয়েল ও চার্লসের সমন্বয়সূত্র ব্যাখ্যা করতে পারবে;<br>• বয়েল, চার্লস/গে-লুসাক ও আভোগাড্রো সূত্র হতে আদর্শ গ্যাসের সমীকরণ ব্যাখ্যা করতে পারবে;<br>• ডাল্টনের আংশিক চাপসূত্র, আংশিক চাপসূত্র হতে গ্যাস মিশ্রণের মোট চাপ নির্ণয় করতে পারবে;<br>• গ্যাসের গতিতত্ত্বের স্বীকার্যের ভিত্তিতে গতিশক্তি ব্যাখ্যা করতে পারবে;<br>• আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাসের পার্থক্য করতে পারবে;<br>• বাস্তব গ্যাসসমূহের আদর্শ আচরণ করার শর্ত ব্যাখ্যা করতে পারবে; | ক) গ্যাসের আয়তনের সাথে তাপমাত্রার সম্পর্ক স্থাপন<br><br>খ) গ্যাসের গতিতত্ত্বের স্বীকার্যসমূহ ব্যাখ্যা ও গ্যাসের গতি শক্তি নির্ণয়<br><br>গ) ডাল্টনের আংশিক চাপ সূত্রের প্রয়োগ<br><br>ঘ) আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাস এবং মোলার গ্যাস ধ্রুবক ব্যাখ্যা | (নিচের রুব্রিক্স দেখুন) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক) চার্লসের সূত্র থেকে পরম শুন্য তাপমাত্রা এবং পরম তাপমাত্রার স্কেল ব্যাখ্যা | সূত্রের উল্লেখ, পরম শুন্য তাপমাত্রা এবং পরম তাপমাত্রার স্কেল যথাযথ ব্যাখ্যা | সূত্রের উল্লেখ, পরম শুন্য তাপমাত্রা এবং পরম তাপমাত্রার স্কেল অধিকাংশ সঠিক ব্যাখ্যা | সূত্রের উল্লেখ, পরম শুন্য তাপমাত্রা এবং পরম তাপমাত্রার স্কেল আংশিক ব্যাখ্যা | সূত্রের উল্লেখ/ পরম শুন্য তাপমাত্রা/পরম তাপমাত্রার স্কেল | |
| খ) গ্যাসের গতিতত্ত্বের স্বীকার্যসমূহ উল্লেখ এবং STP তে 1 অণু $CO_2$ গ্যাসের গতিশক্তি হিসাব | স্বীকার্যসমূহ উল্লেখ এবং গতিশক্তির হিসাব যথাযথ উপস্থাপন | স্বীকার্যসমূহ উল্লেখ এবং গতিশক্তির হিসাব অধিকাংশ সঠিক উপস্থাপন | স্বীকার্যসমূহ উল্লেখ এবং গতিশক্তির হিসাব আংশিক উপস্থাপন | স্বীকার্যসমূহ উল্লেখ/ গতিশক্তির সমীকরণ | |
| গ) স্থির তাপমাত্রায় 1.0 L সিলিন্ডারে 1.0 atm চাপে 400 mL $CO_2$, 750 mm (Hg) চাপে 500 mL $NO_2$ এবং 103.64 kPa চাপে 600 mL $CH_4$ গ্যাসকে মিশ্রিত করা হলে প্রত্যেক গ্যাসের মোল ভগ্নাংশ নির্ণয় করা | আংশিক চাপ, মোট চাপ, মোল ভগ্নাংশের যথাযথ হিসাব | আংশিক চাপ, মোট চাপ, মোল ভগ্নাংশের অধিকাংশ সঠিক হিসাব | আংশিক চাপ, মোট চাপ, মোল ভগ্নাংশের আংশিক হিসাব | আংশিক চাপ/ মোট চাপ হিসাব | |
| ঘ) আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাসের বৈশিষ্ট্য উল্লেখ এবং মোলার গ্যাস ধ্রুবকের মাত্রা নির্ণয় | আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাসের বৈশিষ্ট্য উল্লেখ এবং মোলার গ্যাস ধ্রুবকের মাত্রা যথাযথ উপস্থাপন | আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাসের বৈশিষ্ট্য উল্লেখ এবং মোলার গ্যাস ধ্রুবকের মাত্রা অধিকাংশ সঠিক উপস্থাপন | আদর্শ গ্যাস ও বাস্তব গ্যাসের বৈশিষ্ট্য উল্লেখ এবং মোলার গ্যাস ধ্রুবকের মাত্রা আংশিক উপস্থাপন | আদর্শ গ্যাস/ বাস্তব গ্যাসের বৈশিষ্ট্য উল্লেখ/মোলার গ্যাস ধ্রুবকের মাত্রা উল্লেখ | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ১৬

বি:দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০-১০০%, অধিকাংশ সঠিক = ৭০-৭৯%, আংশিক = ৫০-৬৯%

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৪-১৬ | অতি উত্তম |
| ১১-১৩ | উত্তম |
| ৮-১০ | ভালো |
| ৭ বা ৭ এর কম | অগ্রগতি প্রয়োজন |

## এইচএসসি পরীক্ষা ২০২১ এ অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়:অর্থনীতি | পত্র:দ্বিতীয় | বিষয় কোড: ১১০ | স্তর: এইচএসসি /আলিম

<table>
<tr><th>অ্যাসাইনমেন্ট নম্বর</th><th>অ্যাসাইনমেন্ট</th><th>শিখনফল /বিষয়বস্তু</th><th>নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি)</th><th>মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স)</th><th>মন্তব্য</th></tr>
<tr>
<td>২<br>দ্বিতীয় অধ্যায়ঃ<br>বাংলাদেশের কৃষি</td>
<td>'বাংলাদেশের কৃষি পণ্যের বিপণন ব্যবস্থাই কৃষি খাতের উন্নয়নের অন্যতম অন্তরায়'- উক্তিটির স্বপক্ষে যুক্তি প্রদর্শনপূর্বক সমস্যা সমাধানে সরকার / রাষ্ট্রের নীতিসহ ভূমিকা বিশ্লেষণ</td>
<td>• বাস্তব ঘটনা ও তথ্য উপাত্ত বিশ্লেষণ করে বাংলাদেশের কৃষিপণ্যের বিপণন সমস্যাসমূহ চিহ্নিত করতে পারব<br>• বাংলাদেশের কৃষিপণ্যের বিপণন সমস্যা সমাধানে সরকার / রাষ্ট্রের অংশগ্রহণের গুরুত্ব বিশ্লেষণ করতে পারব কৃষি উন্নয়নে গৃহীত নীতি ও কর্মসূচির প্রতি সমর্থন দানে উদ্বুদ্ধ হবো</td>
<td>• কৃষি পণ্যের বিপণন ধারণা<br>• কৃষি পণ্যের বিপণন ব্যবস্থা<br>• কৃষি পণ্যের বিপণন সমস্যা চিহ্নিতকরণ<br>• কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে রাষ্ট্রের ভূমিকা<br>• সরকারের কৃষি বিপণন নীতি</td>
<td>
<table>
<tr><th rowspan="2">নির্দেশক</th><th colspan="4">পারদর্শিতার মান /নম্বর</th><th rowspan="2">স্কোর</th></tr>
<tr><th>৪</th><th>৩</th><th>২</th><th>১</th></tr>
<tr><td>ক) কৃষি পণ্যের বিপণন ধারণা</td><td>উদাহরণসহ কৃষি পণ্যের বিপণন ধারণার প্রত্যাশিত ব্যাখ্যা</td><td>উদাহরণ ছাড়া কৃষি পণ্যের বিপণন ধারণার প্রত্যাশিত ব্যাখ্যা</td><td>কৃষি পণ্যের বিপণন ধারণার ব্যাখ্যা</td><td>কৃষি পণ্যের বিপণন ধারণার ব্যাখ্যায় অস্পষ্টতা</td><td></td></tr>
<tr><td>খ) কৃষি পণ্যের বিপণন ব্যবস্থা</td><td>উদাহরণসহ কৃষি পণ্যের বিপণন ব্যবস্থার প্রত্যাশিত ব্যাখ্যা</td><td>উদাহরণ ছাড়া কৃষি পণ্যের বিপণন ব্যবস্থার প্রত্যাশিত ব্যাখ্যা</td><td>কৃষি পণ্যের বিপণন ব্যবস্থার ব্যাখ্যা</td><td>কৃষি পণ্যের বিপণন ব্যবস্থার ব্যাখ্যায় অস্পষ্টতা</td><td></td></tr>
<tr><td>গ) কৃষি পণ্যের বিপণন সমস্যা চিহ্নিতকরণ</td><td>কৃষি পণ্যের ১০-১২টি বিপণন সমস্যা চিহ্নিতকরণ ও ব্যাখ্যা</td><td>কৃষি পণ্যের ০৮-০৯টি বিপণন সমস্যা চিহ্নিতকরণ ও ব্যাখ্যা</td><td>কৃষি পণ্যের ০৬-০৭টি বিপণন সমস্যা চিহ্নিতকরণ ও ব্যাখ্যা</td><td>কৃষি পণ্যের ০৪-০৫টি বিপণন সমস্যা চিহ্নিতকরণ ও ব্যাখ্যা</td><td></td></tr>
<tr><td>ঘ) কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে রাষ্ট্রের ভূমিকা</td><td>কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে রাষ্ট্রের ৫-৬টি ভূমিকা প্রত্যাশিত উপস্থাপন</td><td>কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে রাষ্ট্রের ৩-৪টি ভূমিকা প্রত্যাশিত উপস্থাপন</td><td>কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে রাষ্ট্রের ২টি ভূমিকা প্রত্যাশিত উপস্থাপন</td><td>কৃষি পণ্যের বিপণন সমস্যা সমাধানে রাষ্ট্রের ১টি ভূমিকা প্রত্যাশিত উপস্থাপন</td><td></td></tr>
<tr><td>ঙ)সরকারের কৃষি বিপণন নীতি</td><td>সরকারের ৪টি কৃষি বিপণন নীতির প্রত্যাশিত ব্যাখ্যা</td><td>সরকারের ৩টি কৃষি বিপণন নীতির প্রত্যাশিত ব্যাখ্যা</td><td>সরকারের ২টি কৃষি বিপণন নীতির প্রত্যাশিত ব্যাখ্যা</td><td>সরকারের ১টি কৃষি বিপণন নীতির ব্যাখ্যা</td><td></td></tr>
<tr><td colspan="5">মোট</td><td></td></tr>
<tr><td colspan="6">বরাদ্দকৃত মোট নম্বর: ২০</td></tr>
</table>
</td>
<td></td>
</tr>
</table>

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০০ -০৯ | অগ্রগতি প্রয়োজন |

# ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: পৌরনীতি ও সুশাসন | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ২৭০ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ২<br>প্রথম অধ্যায়: ব্রিটিশ ভারতে প্রতিনিধিত্বশীল সরকারের বিকাশ | ১৯৪৭ সালে ভারত এবং পাকিস্তান রাষ্ট্র সৃষ্টির প্রেক্ষাপট পর্যালোচনা | • ১৯৩৫ সালের ভারত শাসন আইনের প্রেক্ষাপট বর্ণনা করতে পারবে।<br>• ১৯৩৫ সালের ভারত শাসন আইনের রাজনৈতিক গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>• দ্বি-জাতি তত্ত্বের' তাৎপর্য মূল্যায়ন করতে পারবে।<br>• লাহোর প্রস্তাবের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে।<br>• লাহোর প্রস্তাবের গুরুত্ব বিশ্লেষণ করতে পারবে।<br>• ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইনের বৈশিষ্ট্য বর্ণনা করতে পারবে। | • ১৯৩৫ সালের ভারত শাসন আইন<br>• দ্বি-জাতি তত্ত্ব<br>• লাহোর প্রস্তাব<br>• ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইন | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/ নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. ১৯৩৫ সালের ভারত শাসন আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য | ১৯৩৫ সালের ভারত শাসন আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য তথ্যনির্ভর ও যথাযথভাবে লিখেছে | ১৯৩৫ সালের ভারত শাসন আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য অধিকাংশ লিখেছে | ১৯৩৫ সালের ভারত শাসন আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য আংশিক লিখেছে | ১৯৩৫ সালের ভারত শাসন আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্যে ধারাবাহিকতা রক্ষা হয়নি | |
| খ. দ্বি-জাতি তত্ত্বের তাৎপর্য | দ্বি-জাতি তত্ত্বের তাৎপর্য সৃজনশীলতার সাথে উপস্থাপিত হয়েছে | দ্বি-জাতি তত্ত্বের তাৎপর্য বর্ণনা করেছে তবে সৃজনশীলতা অনুপস্থিত | দ্বি-জাতি তত্ত্বের তাৎপর্য বর্ণনা আংশিক উপস্থাপন করেছে | দ্বি-জাতি তত্ত্বের ধারণা যথাযথভাবে উপস্থাপিত হয়নি। | |
| গ. লাহোর প্রস্তাবের বৈশিষ্ট্য ও তাৎপর্য | লাহোর প্রস্তাবের বৈশিষ্ট্য ও তাৎপর্য যথাযথভাবে লিখেছে | লাহোর প্রস্তাবের বৈশিষ্ট্য ও তাৎপর্য অধিকাংশ লিখেছে | লাহোর প্রস্তাবের বৈশিষ্ট্য ও তাৎপর্য আংশিক লিখেছে | লাহোর প্রস্তাবের বৈশিষ্ট্য ও তাৎপর্য উপস্থাপন যথাযথ হয়নি | |
| ঘ. ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য | ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য তথ্যনির্ভর ও যথাযথভাবে লিখেছে | ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য অধিকাংশ লিখেছে | ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য আংশিক লিখেছে | ১৯৪৭ সালের ভারত স্বাধীনতা আইনের প্রেক্ষাপট ও বৈশিষ্ট্য উল্লোখে ধারাবাহিকতা অনুসৃত হয়নি | |
| ঙ. উপস্থাপনা কৌশল | নান্দনিক ও সৃজনশীল উপস্থাপন | অধিকাংশ (সম্পূর্ণ নয়) নান্দনিক ও সৃজনশীল উপস্থাপন | আংশিক নান্দনিক ও সৃজনশীল উপস্থাপন | হুবহু পাঠ্যপুস্তক থেকে লিখেছে, সৃজনশীল নয় | |
| | | | | মোট | |
| অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর:২০ | | | | | |
| বি.দ্র: যথাযথ/পূর্ণাঙ্গ = ৮০%-১০০% সঠিক, অধিকাংশ = ৭০%-৭৯% সঠিক, এবং আংশিক= ৫০%-৬৯% | | | | | |

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬-২০ | অতি উত্তম |
| ১৪-১৫ | উত্তম |
| ১০-১৩ | ভালো |
| ০-০৯ | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: যুক্তিবিদ্যা　　পত্র: দ্বিতীয়　　বিষয় কোড: ১২২　　স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ধাপ/পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০২<br>প্রথম অধ্যায়: যৌক্তিক সংজ্ঞা | মানুষ জ্ঞানী ও বুদ্ধিবৃত্তিসম্পন্ন প্রাণী যার পাখা নাই- সংজ্ঞাটির সঠিকতা যাচাই | • যৌক্তিক সংজ্ঞা ব্যাখ্যা করতে পারবে।<br>• যৌক্তিক সংজ্ঞার প্রাসঙ্গিকতা মূল্যায়ন করতে পারবে।<br>• সংজ্ঞার নিয়মাবলি বর্ণনা করতে পারবে।<br>• সংজ্ঞার নিয়ম লঙ্ঘনজনিত অনুপপত্তিসমূহ মূল্যায়ন করতে পারবে।<br>• যথার্থ সংজ্ঞা প্রদানে সমর্থ হবে।<br>• সংজ্ঞার অনুপপত্তিজনিত সমস্যার সমাধান করতে পারবে। | ক. সংজ্ঞাটিতে কোন কোন নিয়ম লঙ্ঘন করা হয়েছে তা সংক্ষেপে লিখ।<br>খ. নিয়ম লঙ্ঘনের ফলে কী কী অনুপপত্তির সৃষ্টি হয়েছে তা ব্যাখ্যা কর।<br>গ. মানুষের সঠিক সংজ্ঞা দিয়ে তার প্রক্রিয়টি লিখ।<br>ঘ. সংজ্ঞার নিয়মানুসারে যে কোনো একটি (যেমন, পাখি, পশু, লেখক) ধারণার সংজ্ঞা দাও এবং যুক্তি দিয়ে ব্যাখ্যা কর। | | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা/নম্বর | | | | স্কোর |
|---|---|---|---|---|---|
| | ৪ | ৩ | ২ | ১ | |
| ক. সংজ্ঞায় অনুসৃত নিয়ম | সংজ্ঞাটিতে কোন কোন নিয়ম লঙ্ঘন করা হয়েছে তা উদাহরণসহ লিখেছে | সংজ্ঞাটিতে কোন কোন নিয়ম লঙ্ঘন করা হয়েছে তা উদাহরণ ছাড়া লিখেছে | সংজ্ঞাটিতে কোন কোন নিয়ম লঙ্ঘন করা হয়েছে তার আংশিক উদাহরণসহ লেখা হয়েছে | সংজ্ঞাটিতে কোন কোন নিয়ম লঙ্ঘন করা হয়েছে তার আংশিক লেখা হয়েছে | |
| খ. নিয়ম লঙ্ঘনের এর ফলে সৃষ্ট অনুপপত্তি | নিয়ম লঙ্ঘনের ফলে সৃষ্ট অনুপপত্তি নাম, প্রশ্ন বিশ্লেষণসহ ব্যাখ্যা করেছে | নিয়ম লঙ্ঘনের ফলে সৃষ্ট অনুপপত্তি নাম, প্রশ্ন বিশ্লেষণ ছাড়া ব্যাখ্যা করেছে | নিয়ম লঙ্ঘনের ফলে সৃষ্ট অনুপপত্তি নাম, প্রশ্ন বিশ্লেষণ ছাড়া অসম্পূর্ণ ব্যাখ্যা করেছে | নিয়ম লঙ্ঘনের ফলে সৃষ্ট অনুপপত্তি নাম উল্লেখ করেছে | |
| গ. মানুষের সঠিক সংজ্ঞা | সম্পূর্ণ ও স্পষ্ট ব্যাখ্যাসহ সঠিক সংজ্ঞা দিয়েছে | অস্পষ্ট ব্যাখ্যাসহ সঠিক সংজ্ঞা দিয়েছ | অসম্পূর্ণ ব্যাখ্যাসহ সঠিক সংজ্ঞা দিয়েছে | শুধু সংজ্ঞা দিয়েছে | |
| ঘ. সংজ্ঞার নিয়মানুসারে যে কোনো একটি সংজ্ঞা | সংজ্ঞার নিয়মানুসারে, সঠিকভাবে যে কোনো একটি সংজ্ঞা দিয়েছে এবং যুক্তি দিয়ে ব্যাখ্যা করেছে | সংজ্ঞার নিয়মানুসারে যে কোনো একটি সংজ্ঞা সঠিকভাবে দিয়েছে এবং যুক্তি ব্যতীত ব্যাখ্যা করেছে | সংজ্ঞার নিয়মানুসারে, সঠিকভাবে যে কোনো একটি সংজ্ঞা দিয়েছে এবং আংশিক ব্যাখ্যা দিয়েছে | সংজ্ঞার নিয়মানুসারে, সঠিকভাবে যে কোনো একটি সংজ্ঞা দিয়েছে কিন্তু ব্যাখ্যা দেয় নি | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত মোট নম্বর: ১৬

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৩-১৬ | অতি উত্তম |
| ১১-১২ | উত্তম |
| ০৮-১০ | ভালো |
| ০৮ এর কম | অগ্রগতি প্রয়োজন |

## ২০২১ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য অ্যাসাইনমেন্ট

বিষয়: হিসাববিজ্ঞান | পত্র: দ্বিতীয় | বিষয় কোড: ২৫৪ | স্তর: এইচএসসি

| অ্যাসাইনমেন্ট নম্বর | অ্যাসাইনমেন্ট | শিখনফল/ বিষয়বস্তু | নির্দেশনা (সংকেত/ ধাপ/ পরিধি) | মূল্যায়ন নির্দেশনা (রুব্রিক্স) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০২<br>দ্বিতীয় অধ্যায়:<br>**অংশীদারি ব্যবসায় হিসাব** | **অংশীদারি ব্যবসায় ও এর হিসাব প্রক্রিয়া**<br><br>**সহায়ক তথ্য:**<br>আবুল, আবদুল ও আসাদুল একটি অংশীদারি কারবারের তিনজন অংশীদার। ২০২০ সালের ১ জানুয়ারি আবুল ৩,০০,০০০ টাকা, আবদুল ২,৫০,০০০ টাকা এবং আসাদুল ২,০০,০০০ টাকা মূলধন স্বরূপ সরবরাহ করেন। আবদুল প্রতি মাসে ৫০০ টাকা নগদ উত্তোলন করেন এবং আসাদুল বছরের মাঝামাঝি ২,০০০ টাকার পণ্য উত্তোলন করেন। আবুল কারবার পরিচালনা করেন এবং এ কারণে তিনি প্রতি মাসে ২,৫০০ টাকা বেতন পাবেন। আর্থিক স্বল্পতার কারণে ১ এপ্রিল আসাদুল ১০,০০০ টাকা ঋণ প্রদান করেন এবং আবুল ১ জুন ২০,০০০ টাকা অতিরিক্ত মূলধন সরবরাহ করেন। আংশীদারি চুক্তি অনুযায়ী উত্তোলনের উপর বার্ষিক ১০% সুদ ধার্য করতে হবে। আবুল ব্যবসায়ে তার সার্বক্ষণিক সহায়তা করার জন্য বন্টনযোগ্য লাভের উপর কমিশন ধার্য করার পরবর্তী লাভের উপর ৫% হারে কমিশন পাবেন। আবদুলের বেতন ডেবিট করার পর কিন্তু অন্যান্য সমন্বয় সাধন করার পূর্বে ব্যবসায়ের নিট লাভ ১,১০,০০০ টাকায় উপনীত হয়। | • অংশীদারি ব্যবসায়ের উপাদানসমূহের ব্যাখ্যা দিতে পারবে।<br>• চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের অমিমাংসিত বিষয়সমূহ নিষ্পত্তি করতে পারবে।<br>• লাভ-লোকসান বন্টন হিসাব তৈরি করে অংশীদারদের মুনাফার অংশ নির্ণয় করতে পারবে।<br>• অংশীদারদের মূলধন হিসাব এবং অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত করতে পারবে। | • চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের অমিমাংসিত বিষয়সমূহের নিষ্পত্তিরকরণ।<br>• অংশীদারদের মধ্যে লাভ-লোকসান বন্টন হিসাব প্রস্তুত করতে হবে।<br>• অংশীদারদের চলতি হিসাব প্রস্তুত করতে হবে।<br>• অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত করতে হবে (পরিবর্তনশীল মূলধন পদ্ধতি ও স্থিতিশীল মূলধন পদ্ধতিতে)। | (নিচের রুব্রিক্স দেখুন) | |

| নির্দেশক | পারদর্শিতার মাত্রা /নম্বর ৪ | ৩ | ২ | ১ | স্কোর |
|---|---|---|---|---|---|
| ক) সহায়ক তথ্যের ভিত্তিতে চুক্তির অবর্তমানে অংশীদারি ব্যবসায়ের অমিমাংসিত বিষয়সমূহের নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনাকরণ | ৪টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | ৩টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | ২টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | ১টি নিষ্পত্তির প্রক্রিয়া বর্ণনা করতে পারলে | |
| খ) সহায়ক তথ্যের ভিত্তিতে লাভ-লোকসান বন্টন হিসাব প্রস্তুতকরণ | সঠিকভাবে সম্পন্ন করলে | ১টি লেনদেন ভুল করলে | ২টি লেনদেন ভুল করলে | আংশিক শুদ্ধ হলে | |
| গ) সহায়ক তথ্যের ভিত্তিতে আবদুল ও আসাদুলের চলতি হিসাব প্রস্তুতকরণ | ২টি চলতি হিসাব সঠিক ভাবে সম্পন্ন করলে | ১টি হিসাব সঠিক ও অপর হিসাবটি আংশিক শুদ্ধ হলে | উভয় হিসাবে ১টি করে ভুল হলে | উভয় হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| ঘ) সহায়ক তথ্যের ভিত্তিতে স্থিতিশীল মূলধন পদ্ধতিতে আবুল ও আসাদুলের মূলধন হিসাব প্রস্তুতকরণ | ২টি মূলধন হিসাব সঠিক ভাবে সম্পন্ন করলে | ১টি হিসাব সঠিক ও অপর হিসাবটি আংশিক শুদ্ধ হলে | উভয় হিসাবে ১টি করে ভুল হলে | উভয় হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| ঙ) সহায়ক তথ্যের ভিত্তিতে পরিবর্তনশীল মূলধন পদ্ধতিতে আবুল ও আবদুলের মূলধন হিসাব প্রস্তুতকরণ | ২টি মূলধন হিসাব সঠিক ভাবে সম্পন্ন করলে | ১টি হিসাব সঠিক ও অপর হিসাবটি আংশিক শুদ্ধ হলে | উভয় হিসাবে ১টি করে ভুল হলে | উভয় হিসাব আংশিক শুদ্ধ হলে | |
| | | | | মোট | |

অ্যাসাইনমেন্টের জন্য বরাদ্দকৃত নম্বর: ২০

| নম্বরের ব্যাপ্তি | মন্তব্য |
|---|---|
| ১৬- ২০ | অতি উত্তম |
| ১৪- ১৫ | উত্তম |
| ১০- ১৩ | ভালো |
| ০০- ০৯ | অগ্রগতির প্রয়োজন |